


নং-১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০২.১৮. ২৫৩

তারিখ: ০৮-০২-২০১৭

বিষয়: ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ)-২০১৯ এর উদ্বোধন অনুষ্ঠান সরাসরি সম্প্রচার।

- আগামী ০৯ জানুয়ারি ২০১৯ থেকে ০৮ ফেব্রুয়ারি ২০১৯ পর্যন্ত ঢাকার শের-ই-বাংলা নগরস্থ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের পশ্চিমপার্শ্বস্থ স্থানে ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ)-২০১৯ অনুষ্ঠিত হবে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি আগামী ০৯ জানুয়ারি ২০১৯ তারিখ বুধবার বেলা ৩টায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে উক্ত মেলার শুভ উদ্বোধন করবেন। উদ্বোধন অনুষ্ঠানটি বাংলাদেশ বেতার ঢাকা-ক ৬৯৩ কিলোহার্জে ও এফ.এম ১০৬.০ মেগাহার্জে এবং ওয়েব সাইট www.betar.gov.bd থেকে সরাসরি সম্প্রচার হবে।
- ২। অনুষ্ঠানের সময়সূচি পরিবর্তনের ক্ষেত্রে সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন ও আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা, বাণিজ্য মন্ত্রণালয়ের রঞ্জানি-৭ অধিশাখা ও রঞ্জানি উন্নয়ন ব্যুরো-এর সাথে যোগাযোগ ও সমন্বয় করে অনুষ্ঠানটি যথাসময়ে প্রচার নিশ্চিত করবেন।
 - ৩। উক্ত অনুষ্ঠান সরাসরি সম্প্রচারকালীন ঢাকা-ক এর পূর্ব নির্ধারিত অনুষ্ঠান, সংবাদ, জাতীয় অনুষ্ঠান ও আবহাওয়া বার্তা ঢাকা-খ ৮১৯ কিলোহার্জে, ঢাকা-গ ১১৭০ কিলোহার্জে, এফ.এম ৯৭.৬ মেগাহার্জে ও ক্ষুদ্র তরঙ্গ ৪৭৫০ কিলোহার্জে প্রচার হবে।
 - ৪। উল্লিখিত অনুষ্ঠান প্রচারের জন্য সংশ্লিষ্ট ট্রান্সমিটারগুলো চালু না থাকলে অনুষ্ঠান শুরু ১৫ মিনিট পূর্বে চালু হয়ে অনুষ্ঠান প্রচার শেষে বিরত হবে/নিজয় কর্মধারায় ফিরে যাবে।
 - ৫। উক্ত অনুষ্ঠান সরাসরি সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন যাবতীয় প্রকৌশল দায়িত্ব পালন করবেন।
 - ৬। উক্ত অনুষ্ঠান সরাসরি সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, সদর দপ্তর, ঢাকার শের-ই-বাংলা নগরস্থ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র থেকে জাতীয় বেতার ভবন পর্যন্ত টেলিফোন লাইন বুক করবেন। এ সংক্রান্ত ব্যয় আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা-র টেলিফোন খাত থেকে পরিশোধ হবে।
 - ৬। অনুষ্ঠানটি সম্প্রচারকালীন মহাশক্তি প্রেরণ কেন্দ্রে বিদ্যুৎ/যান্ত্রিক বিঘ্ন ঘটলে উক্ত অনুষ্ঠান ঢাকা-খ ৮১৯ কিলোহার্জে ও এফ.এম ১০৬.০ মেগাহার্জে এবং ওয়েব সাইট www.betar.gov.bd থেকে সম্প্রচার হবে। এ সময় ঢাকা-ক এর পূর্ব নির্ধারিত অনুষ্ঠান, সংবাদ, আয়ান, জাতীয় অনুষ্ঠান ও আবহাওয়া বার্তা ঢাকা-গ ১১৭০ কিলোহার্জে, এফ.এম ৯৭.৬ মেগাহার্জে এবং ক্ষুদ্র তরঙ্গ ৪৭৫০ কিলোহার্জে প্রচার হবে।
 - ৭। অনুষ্ঠানটি সম্প্রচারের জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী ও উপস্থাপক-উপস্থাপিকাদের নিরাপত্তা/ ডিউটি পাশ সংগ্রহের ব্যবস্থা গ্রহণ করবেন, অনুষ্ঠান প্রচারের পূর্বে ঘোষণা/প্রমো প্রচারের মাধ্যমে শ্রোতাদের অবহিত করার ব্যবস্থা গ্রহণ করবেন এবং অনুষ্ঠানটি যথাযথভাবে প্রচারের জন্য সংশ্লিষ্ট সকলের সাথে যোগাযোগ এবং সমন্বয়সহ সার্বিক ব্যবস্থা গ্রহণ করবেন।
 - ৮। অনুষ্ঠান প্রচারের মাঝে ফিলার প্রচারের ক্ষেত্রে সংশ্লিষ্ট শাখা অনুমোদিত অনুষ্ঠান/গানের তালিকা অনুসরণ করবে।
 - ৯। অনুষ্ঠানটি সুষ্ঠুভাবে প্রচারের জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের পূর্বাঙ্কে দায়িত্ব অর্পণ করবেন এবং তিনি/তারা প্রতিনিধি সম্প্রচার বুথে উপস্থিত থেকে অনুষ্ঠান সম্প্রচার তত্ত্বাবধান করবেন।
 - ১০। বর্ণিত অনুষ্ঠানের ওপর প্রতিবেদন সংবাদে প্রচারের জন্য পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
 - ১১। উক্ত অনুষ্ঠান শুরুর ২ ঘণ্টা পূর্বে সংশ্লিষ্ট বহিঃসম্প্রচার দলকে অনুষ্ঠানস্থলে উপস্থিত থাকার জন্য নির্দেশনা প্রদান করা হলো।
 - ১২। পরিচালক, লিয়াজোঁ, সদর দপ্তর-এ সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।


(কামাল আহমেদ)

পরিচালক (অনুষ্ঠান)

মহাপরিচালকের পক্ষে।

ফোন: ০২-৪৪৮১৩০৭৪

dp.program.betar@gmail.com

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

- ১। উপ-মহাপরিচালক (বার্তা)/প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার (সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ২। পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার ঢাকা/অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার ধামরাই, ঢাকা।
- ৩। সিনিয়র প্রকৌশলী/আবাসিক প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, সদর দপ্তর (দপ্তর আদেশটি ওয়ের সাইটে প্রকাশের অনুরোধসহ)/জাতীয় বেতার ভবন, বাংলাদেশ বেতার, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১/২, সাভার, ঢাকা।
- ৪। পরিচালক, লিয়াজোঁ, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৫। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা।
- ৬। স্টেশন প্রকৌশলী, ট্রান্সক্রিপশন সার্ভিস, আগারগাঁও, ঢাকা/নিম্নশক্তি প্রেরণ কেন্দ্র, কল্যাণপুর, ঢাকা।